অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ওয়েইন কাউন্টিতে বল্ডউইন রিচার্ডসন ফুডস 50 মিলিয়ন ডলার ব্যয়ে সম্প্রসারণের কাজ করছে বলে গভর্নর হোকলের ঘোষণা

এই সর্বাধুনিক স্বকীয় খাবার ও পানীয় প্রস্তুতকারক এটির ম্যাসেডন ও উইলিয়ামসন ফ্যাসিলিটি আপগ্রেড করবে: 420টিরও বেশি কর্মসংস্থান তৈরি ও সংরক্ষণ করবে

বিনিয়োগটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক - যা সম্প্রদায়ের পুনরুজ্জীবন এবং অর্থনীতি বাড়ানোর জন্য অঞ্চলের ব্যাপক কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্বকীয় উপাদান প্রস্তুতকারক বল্ডউইন রিচার্ডসন ফুডস (Baldwin Richardson Foods) ওয়েইন কাউন্টিতে এটির সর্বাধুনিক প্রস্তুতকারক ফ্যাসিলিটি সম্প্রসারণের জন্য 50 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে যাচ্ছে। গ্রাহকদের চাহিদা অনুযায়ী খাবার উৎপাদন ও লেবেলিং এর পরিবর্তনশীল চাহিদা পূরণ করার প্রচেষ্টায় কোম্পানিটি ম্যাসেডন ও উইলিয়ামসন টাউনে অবস্থিত ফ্যাসিলিটিগুলোতে প্রয়োজনীয় সরঞ্জাম, প্রযুক্তি ও নির্মাণকাজের বিনিয়োগ সম্পন্ন করার পরিকল্পনা করেছে। কোম্পানিটি নতুন যন্ত্রপাতি ও সরঞ্জাম স্থাপন করবে, যা 60টি নতুন কর্মসংস্থান তৈরি করবে এবং 364টি পদ বহাল রাখবে। সেইসাথে, দুই-ধাপের এই বৃহৎ বিনিয়োগ কোম্পানির জন্য প্রোডাক্ট লাইন সম্প্রসারণ করার এবং প্রতিটি ফ্যাসিলিটিতে স্থিতিশীলতার রীতি সম্প্রসারণের সুযোগ করে দিবে। এছাড়াও এই প্রকল্প বল্ডউইন রিচার্ডসন ফুডস-এর জন্য ওয়ার্ল্ড ইকোনোনিক ফোরাম লাইটহাউজ (World Economic Forum Lighthouse) স্ট্যাটাস অর্জনের অবস্থান এনে দিবে, যা কর্মদক্ষতা ও উৎপাদনশীলতা এবং পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার প্রতি একটি অঙ্গীকার। বর্তমানে চলমান এই বৃহৎ সম্প্রসারণ প্রকল্প 2024 সালের শেষ নাগাদ সমাপ্ত হবে বলে কোম্পানিটি প্রত্যাশা করছে।

"ফিঙ্গার লেকস অঞ্চলের কঠোর পরিশ্রমী পুরুষ ও মহিলাদের জন্য শীর্ষ-মানের, নতুন কর্মসংস্থান তৈরি করে স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করার এই সময়ে বল্ডউইন রিচার্ডসন ফুডস-এর প্রতি আমাদের সমর্থন অব্যাহত রাখতে পেরে নিউ ইয়র্ক অত্যন্ত গর্বিত," **বলেছেন গভর্নর হোকল**। "ওয়েইন কাউন্টিতে কোম্পানিটির অব্যাহত বিনিয়োগ আরো বেশি প্রমাণ করছে যে এই অঞ্চলের খাদ্য শিল্প শক্তিশালী ও প্রাণবন্ত অবস্থানে রয়েছে, এবং এই প্রকল্প এই গতিকে আরো বেশি বেগবান করে তুলবে।"

এক শতাব্দিরও বেশি সময় আগে ইলিনয়িসে প্রতিষ্ঠিত ও সদরদপ্তর থাকা বল্ডউইন রিচার্ডসন ফুডস কাস্টম উপকরণ, বিপণনের জন্য ব্র্যান্ডের পণ্য যেমন মিসেস রিচার্ডসন'স টপিংস ও

ন্যান্সে'স মাস্টার্ডস ও কন্ডিমেন্টস ইত্যাদি উন্নয়ন ও প্রস্তুত করে থাকে। এছাড়াও এটি সস, সিরাপ, চাটনি, ফ্লেভারযুক্ত পানীয় সিরাপ ও ফ্লেভার বেস ইত্যাদি স্বকীয়ভাবে উৎপাদন করে বিতরণকারীদের জন্য একটি স্ট্যান্ডার্ড প্রোডাক্ট লাইন সরবরাহ করে থাকে। ন্যাশনাল সাপ্লায়ার ডেভেলপমেন্ট কাউন্সিল (National Supplier Development Council)-এর সঙ্গে নিবন্ধিত একটি MBE হিসেবে এই কোম্পানি খাদ্য শিল্পের অন্যতম সর্ববৃহৎ আফ্রিকান-আমেরিকান পারিবারিক-মালিকানাধীন ও -পরিচালিত ব্যবসা প্রতিষ্ঠানও বটে।

বল্ডউইন রিচার্ডসন ফুডস-এর প্রেসিডেন্ট এরিন টোলফ্রি বলেন, "বল্ডউইন রিচার্ডসন ফুডস উদ্ভাবনের অগ্রভাগে থাকার জন্য গ্রাহকদের প্রতি অঙ্গীকারাবদ্ধতার ঐতিহ্যের সঙ্গে সর্বাধুনিক প্রযুক্তির সম্মিলন ঘটিয়ে থাকে। এই উল্লেখযোগ্য বিনিয়োগ আমাদেরকে শুধু সেই অঙ্গীকার জোরদার করার সুযোগই প্রদান করবে না, বরং আমাদের নতুন কর্মসংস্থানের ব্যবস্থা করা এবং একটি টেকসই ভবিষ্যতের জন্য পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনা প্রদান করার মাধ্যমে ওয়েইন কাউন্টি ও ফিঙ্গার লেকস অঞ্চলের অর্থনীতিকে শক্তিশালী করারও সুযোগ করে দিবে। আমরা এই অঞ্চলের কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য অংশীদারিত্ব অব্যাহত রাখার প্রত্যাশা রাখি।"

বল্ডউইন রিচার্ডসন ফুডসকে নিউ ইয়র্ক স্টেটে এটির সম্প্রসারণ কাজ এগিয়ে নেয়ার জন্য উৎসাহিত করতে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কর্মসংস্থান তৈরির অঙ্গীকারের বিনিময়ে 2.5 মিলিয়ন ডলারের এক্সেলসিয়র জবস কর্মসূচি ট্যাক্স ক্রেডিট এবং 2 মিলিয়ন ডলারের অনুদান প্রদানের প্রস্তাব করেছে। ওয়েইন কাউন্টি, RG&E ও গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজও (Greater Rochester Enterprise) এই রূপান্তরমূলক প্রকল্পে সহায়তা করছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর কমিশনার, প্রেসিডেন্ট ও CEO হোপ নাইট বলেন, "বল্ডউইন রিচার্ডসন ফুডস-এ আমাদের বিনিয়োগ অর্থনীতিকে সমৃদ্ধ করে তোলা আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কৌশলগুলোর প্রতি গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার প্রতিফলন। উদ্ভাবনমূলক প্রযুক্তি অন্তর্ভুক্ত করা, টেকসই ব্যবস্থার প্রচার, ভোক্তাদের চাহিদা পূরণ করা এবং ফিঙ্গার লেকস অঞ্চলের জন্য পরবর্তী প্রজন্মের কর্মসংস্থান তৈরি করার পরিকল্পনা নিয়ে এই কোম্পানির ভবিষ্যতমুখী সম্প্রসারণের কাজে সহায়তা করতে পেরে ESD গর্বিত।"

স্টেট সিনেটর পামেলা হেলমিং বলেন, "বল্ডউইন রিচার্ডসন ফুডস ফিঙ্গার লেকস অঞ্চল ও নিউ ইয়র্ক স্টেটের ক্রমবর্ধমান খাদ্য ও পানীয় শিল্পে একটি নেতৃস্থানীয় উদ্ভাবনকারী। ওয়েইন কাউন্টিতে 54তম ডিস্ট্রিক্টে বল্ডউইন রিচার্ডসন ফুডস-এর অবস্থানের জন্য আমরা গর্বিত এবং আমাদের কমিউনিটিতে এর উল্লেখযোগ্য বিনিয়োগের জন্য আমি প্রেসিডেন্ট এরিন টোলফ্রি ও কোম্পানিকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান ম্যাঙ্কটেলো বলেন, "তাদের সর্বাধুনিক প্রস্তুতকারক ফ্যাসিলিটি সম্প্রসারণের এই সুযোগ লাভের জন্য আমি এরিন টোলফ্রি ও বল্ডউইন রিচার্ডসন ফুডসকে অভিনন্দন জানাতে চাই। আমাদের স্টেটের উচিত যেকোনো পরিসরের কোনো ব্যবসা প্রতিষ্ঠানকে বেড়ে উঠার এবং উন্নতির জন্য প্রয়োজনীয় ফ্যাসিলিটি উন্নয়ন সম্পন্ন করার সুযোগ

দেয়ার প্রতি মনোযোগী হওয়া। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের করা এই বিনিয়োগ সে কাজটিই করছে। আমি সাইটগুলোর পুনরুজ্জীবিত হওয়া এবং আমাদের স্থানীয় অর্থনীতির সমৃদ্ধির জন্য তারা যেসব ভূমিকা রাখবে সেটা দেখার প্রতীক্ষায় রয়েছি।"

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন (Finger Lakes Regional Economic Development)-এর সহ-সভাপতি এবং গ্রেটার রচেস্টার চেম্বার অব কমার্স (Greater Rochester Chamber of Commerce)-এর প্রেসিডেন্ট ও CEO বব ডাফি বলেন, "সদস্য কোম্পানি বল্ডউইন রিচার্ডসনের অব্যাহত সাফল্য এবং আমাদের অঞ্চলে তাদের কৌশলগত বিনিয়োগ উদযাপন করতে পেরে গ্রেটার রচেস্টার চেম্বার গর্বিত। এই প্রাণবন্ত, সংখ্যালঘু/মহিলা-নেতৃত্বাধীন ব্যবসা প্রতিষ্ঠান প্রতিযোগিতামূলক খাদ্য শিল্পে উদ্ভাবনমূলক কাজ করে যাচ্ছে, এবং গ্রেটার রচেস্টার অঞ্চলের ওয়েইন কাউন্টি তাদের সমৃদ্ধির জন্য সবচেয়ে উপযুক্ত স্থান। আমরা বল্ডউইন রিচার্ডসনের প্রেসিডেন্ট এরিন টোলফ্রিকে অভিনন্দন জানাই এবং আমাদের অংশীদারিত্ব অব্যাহত রাখার প্রত্যাশা রাখি।"

CNYSEG ও RG&E-এর প্রেসিডেন্ট ও CEO কার্ল এ. টেইলর বলেন, "ম্যাসেডন ও উইলিয়ামসনে দায়িত্বপূর্ণ ও টেকসই উপায়ে তাদের প্রভাব বৃদ্ধির সময়ে বল্ডউইন রিচার্ডসন ফুডসকে সহায়তা করতে পেরে আমরা গর্বিত। এই পারিবারিক-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান আমাদের কমিউনিটির একটি গুরুত্বপূর্ণ অংশ, এবং স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে এমন সহায়তা প্রদান করতে পেরে NYSEG ও RG&E আনন্দিত।"

ওয়েইন কাউন্টির ডিরেক্টর অব ইকোনোমিক ডেভেলপমেন্ট এন্ড প্ল্যানিং ব্রায়ান পিনসেলি বলেন, "আধুনিকায়ন, স্থায়িত্ব, কর্মদক্ষতা, ও উদ্ভাবনের উপর বল্ডউইন রিচার্ডসনের বিনিয়োগ তাদের ব্যবসার সমৃদ্ধির চালিকা শক্তি হিসেবে কাজ করবে এবং ওয়েইন কাউন্টিতে তাদেরকে পেয়ে আমরা অত্যন্ত গর্বিত। ওয়েইন কাউন্টিতে দুইটি ফ্যাসিলিটি নিয়ে তারা শুধু কাউন্টির অর্থনীতিরই নয়, বরং স্টেটের ও আঞ্চলিক অর্থনীতিরও গুরুত্বপূর্ণ অংশের প্রতিনিধিত্ব করে।"

গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজের প্রেসিডেন্ট ও CEO ম্যাট হার্লবাট বলেন, "বল্ডউইন রিচার্ডসন ফুডসের উৎকর্ষতার ইতিহাস এবং গ্রেটার রচেস্টার, NY অঞ্চলে মেধা, উদ্ভাবনমূলক প্রযুক্তি, ও একটি সম্পূর্ণ একীভূত সাপ্লাই চেইনের সাথে সংযোগ এই সম্প্রসারণের জন্য এটিকে সেরা স্থানে পরিণত করেছে। এখানে বিনিয়োগ অব্যাহত রাখার এই সময়ে আমরা তাদের সমৃদ্ধিতে সহায়তা করা অব্যাহত রাখার প্রত্যাশা রাখি।"

বল্ডউইন রিচার্ডসন ফুডস সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন: https://brfoods.com/

ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে

500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) হচ্ছে নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ ইয়র্ক" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন